# U.G. 1st Semester Examination - 2020

# BENGALI

## Course Code : BNGCCHT101

## Course Title : প্রাক্-আধুনিক বাংলা সাহিত্য

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) ‘চর্য্যাচর্য্যবিনিশ্চয়’ কে আবিষ্কার করেন?

খ) ‘খুন্টি উপাড়ী মেলিলি কাচ্ছী’— ‘কাচ্ছী’ কী?

গ) তোমাদের পাঠ্য ১৪ সংখ্যক চর্যাপদটি কার লেখা?

ঘ) “গঙ্গা জউণা মাঝেঁরে বহই নাই”— ‘নাই’ শব্দের অর্থ কী?

ঙ) “দধি দুধে পসার সজাআঁ”— এটি ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের কোন্ খণ্ডের চরণ?

চ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটি কত সালে প্রকাশিত হয়েছিল?

ছ) “বচন আম্মারে দিআঁ ভাগুহ কেহ্নে”— কার উক্তি?

জ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে তাম্বুল খণ্ডে উল্লেখিত দুটি মুখ্য চরিত্রের নাম লেখো।

[পরের পাতায়]

ঝ) মালাধর বসুকে ‘গুণরাজ খান’ উপাধি কে দিয়েছিলেন?

ঞ) ‘শ্রীকৃষ্ণবিজয়’ গ্রন্থের তোমার পাঠ্য অধ্যায় থেকে দুটি পৌরাণিক চরিত্রের নাম উল্লেখ করো।

ট) “তপ না করিব দ্বিজ সত্য না বলিব”— দ্বিজ কে?

ঠ) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যে উল্লেখিত দুটি রাগ-রাগিণীর নাম লেখো।

ড) “যমের মহিষ আন বলাইর লাঙ্গল”—কার উক্তি?

ঢ) “বাগদিনী বলে আমার ভাতার বটে যা”—‘ভাতার’ শব্দের অর্থ কী?

ণ) ‘শিবসঙ্কীর্তন’ কাব্য রচয়িতা রামেশ্বর ভট্টাচার্য কোন্ ধর্মের উপাসক ছিলেন?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) চর্যাপদের তিব্বতী অনুবাদ কোন্ শতাব্দীতে হয়েছিল? মুনিদত্তের চর্যাগীতিকোষের টীকার অনুবাদ কে আবিষ্কার করেছিলেন?

খ) তোমার পাঠ্য চর্যাগীতির পাঁচ সংখ্যক (৫ নং) পদটি কার লেখা, পদটির প্রথম দু’ছত্র উদ্ধৃত করো।

গ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের মোট কয়টি খণ্ড, শেষখণ্ডের নাম কী?

ঘ) “কপোল যুগল তার মহুলের ফুল”— উদ্ধৃত চরণটির তাৎপর্য লেখো।

ঙ) ''না জীবো না জীবো বিণি রাধা দরশনে''— এটি 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কোন্ খণ্ডের, কার উক্তি?

চ) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থের প্রথম মুদ্রিত সংস্করণ কত সালে প্রকাশিত হয়? এই গ্রন্থের সম্পাদক কে ছিলেন?

ছ) ''তাহার যে রাত্রি তাকে শিবরাত্রি কয়''— কার উক্তি? কোন্ মাসে কোন্ পক্ষের রাত্রি 'শিবরাত্রি' বলে বিবেচিত?

জ) ''শূল ভাইঙ্গা ফাল কর‍্যা হার ধর‍্যা খাব''— বক্তা কে, কাকে বলেছেন?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে তাম্বুলখণ্ডের কাহিনি সংক্ষেপে বর্ণনা করো।

খ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে ''ব্যাধের শরাঘাতে কৃষ্ণের মৃত্যু'' কাহিনিটি বিবৃত করো।

গ) পাঠ্যপদ অবলম্বনে চর্যাপদের দর্শনতত্ত্ব পর্যালোচনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০=১০

ক) ''কাআ তরুবর পঞ্চ বি ডাল''— পদটির কাব্যসৌন্দর্য ও গুরুত্ব বিচার করো।

খ) তোমার পাঠ্য 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের তাম্বুলখণ্ড অবলম্বনে কৃষ্ণ চরিত্রের উপযোগিতা উল্লেখ করো।

গ) 'শিবসঙ্কীর্তন' কাব্যে লোকজীবনের চিত্র অত্যন্ত সমৃদ্ধ- আলোচনা করো।

———